

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৫০০

মোহনপুর, ৭ অক্টোবর, ২০২৪

জল জীবন মিশন

মোহনপুর ও লেফুঙ্গা রাজকে ১০০ শতাংশ বাড়িতে পানীয়জলের সংযোগ

জল জীবন মিশনে মোহনপুর মহকুমার মোহনপুর ও লেফুঙ্গা রাজকে ১০০ শতাংশ বাড়িতে পাইপলাইনে পানীয়জলের সংযোগ দেওয়া হয়েছে। এই মিশনে মোহনপুর রাজকে ১০,৯৪৬টি বাড়িতে এবং লেফুঙ্গা রাজকে ৩,৩৬৭টি বাড়িতে পাইপলাইনে পানীয়জলের সংযোগ দেওয়া হয়েছে। তাছাড়াও জল জীবন মিশনে মহকুমার হেজামারা রাজকে এখন পর্যন্ত ৯,২৪৪টি বাড়িতে ও বামুটিয়া রাজকে ১২,৫১৪টি বাড়িতে পাইপলাইনে পানীয়জলের সংযোগ দেওয়া হয়েছে। হেজামারা রাজকে ৯৪.৮% শতাংশ ও বামুটিয়া রাজকে ৯০.১% শতাংশ বাড়িতে পানীয়জলের সংযোগ দেওয়া হয়েছে। মোহনপুর পানীয়জল ও স্বাস্থ্যবিধান কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।
